৮৫

আজকের কাগজ

তারিখ ... 23 AUG 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ১

# শিবগঞ্জে সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কর্মসূচির আওতায় ৩৯০টি কেন্দ্র চলছে

দারিদ্র বিমোচন ও জীবিকা অর্জনে লিপ্ত হওয়ার তাড়ণায় আমাদের দেশের দরিদ্র জনগোষ্ঠি আনুষ্ঠানিক শিক্ষা গ্রহন করতে সক্ষম হয় না। একটি জাতির উন্নয়ন ও অগ্রগতি নিরক্ষর জনগোষ্ঠি দ্বারা সম্ভব নয়। এই সত্যকে উপলব্ধি করে স্বল্প সময়ে শিক্ষার হার বাড়ানোর লক্ষ্যে সরকারি ও বেসরকারি উদ্যোগে চালু হয়েছে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম। এ কার্যক্রমের আওতায় বগুড়ার শিবগঞ্জ থানায় ৩৯০টি পাঠ দান কেন্দ্র চলছে। এর মধ্যে ৬০টি কেন্দ্র থানা পরিষদের এডিপি খাতের অর্থে পরিচালিত হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। সূত্র মতে, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম যারা গ্রহণ করেন তাদেরকে কয়েকটি ভাগে ভাগ করা হয়েছে। যেমন (১) প্রাক-প্রাথমিক শিক্ষা (৪-৫ বছর বয়সী শিশুদের জন্যে), (২) মৌলিক শিক্ষা (৬-১০ বছর বয়সী শিশুদের জন্যে), (৩) কিশোর-কিশোরী শিক্ষা (১১-১৪ বছর বয়সীদের জন্যে), (৪) বয়স্ক শিক্ষা (১৫-৪৫ বছর বয়সী নিরক্ষর ব্যক্তিদের জন্যে) এবং (৫) জীবন ব্যাপী শিক্ষা (নিরক্ষরদের শিক্ষা দানের পর তাদের শিক্ষার ধারা অব্যাহত রাখার জন্যে)। শিবগঞ্জ থানার ৪টি ইউনিয়নে এরকম ৩৩০টি কেন্দ্র বেসরকারিভাবে পরিচালিত হচ্ছে। এর মধ্যে বগুড়ার ঠেংগামারা মহিলা সবুজ সংঘের পরিচালনায় রয়েছে ১৫টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র, ৮০টি কিশোর-কিশোরী শিক্ষা কেন্দ্র, ১০০টি মৌলিক শিক্ষা কেন্দ্র ও ৬০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র। বগুড়া স্বনির্ভর সংঘ পরিচালনা করছে ১৫টি প্রাক- প্রাথমিক শিক্ষা কেন্দ্র, ৩০টি কিশোর-কিশোরী শিক্ষা কেন্দ্র ও ৩০টি বয়স্ক শিক্ষা কেন্দ্র। উল্লেখিত প্রতিটি শিক্ষা কেন্দ্রে ৩০ জন করে শিক্ষার্থী রয়েছে। প্রতিটি কেন্দ্রে ১ জন করে শিক্ষক/শিক্ষিকা পাঠ দান করছেন। প্রতি ১৫টি কেন্দ্রের জন্যে ১ জন করে সুপারভাইজার রয়েছে। অন্যদিকে ৪৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্র ও ১৫টি কিশোর-কিশোরী শিক্ষা কেন্দ্র সরকারিভাবে পরিচালিত হচ্ছে। এসব কেন্দ্রের প্রতিটিতে ৪০ জন করে শিক্ষার্থী রয়েছে। এ ছাড়াও নব্য স্বাক্ষরদের শিক্ষার ধারা অব্যাহত রাখার জন্যে ১০টি 'গ্রাম শিক্ষা মিলন কেন্দ্র' লাইব্রেরী চালু আছে। এ সব লাইব্রেরীতে অল্প শিক্ষিত জনগোষ্ঠি বাস্তবমুখী শিক্ষণীয় বই, জাতীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকা, রেডিও ইত্যাদির ব্যবস্থা রয়েছে। সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রমের আওতায় উক্ত ৩৯০টি শিক্ষা কেন্দ্র গত ১৫ এপ্রিল হতে চালু হয়। উল্লেখ্য, সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক ১৯৯৩ সালের ১৫ জুলাই শিবগঞ্জ থানায় ১ জন জেলা সমন্বয়কারী নিয়োগের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম শুরু হয়। শিবগঞ্জ থেকে আ স ম আনোয়ার।